জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানীতে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মশিউর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
বিএসসিসিএল।

সভার তারিখ : ০৯/০৭/২০১৯ খ্রি:
সময় : সকাল ১১:০০ ঘটিকায়
সভার স্থান : বিএসসিসিএল এর কনফারেন্স রুম।

সভার উপস্থিত কমিটি'র অন্যান্য সদস্য :

১। জনাব মো: আব্দুস সালাম খাঁন, কোম্পানী সচিব, বিএসসিসিএল - সদস্য।
২। জনাব মির্জা কামাল আহম্মদ, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), বিএসসিসিএল - সদস্য।
৩। মিসেস নাজিয়া হাসান, ব্যবস্থাপক (উন্নয়ন), বিএসসিসিএল - সদস্য।
৪। জনাব মোহাম্মদ শাহাদত হোসেন, ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা), বিএসসিসিএল - সদস্য সচিব।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

সভার আলোচ্য সূচি:

আলোচ্য বিষয়	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১। সর্বশেষ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।	গত ১৭/০৬/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিএসসিসিএল এর নৈতিকতা কমিটির সভার বিভিন্ন সিদ্ধান্তের বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং সভাপতি নৈতিকতা কমিটির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।	বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। এছাড়া নিয়মিত নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং নৈতিকতা কমিটির সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।	নৈতিকতা কমিটি।
২। ওয়েবসাইট হালনাগাদ করণ সংক্রান্ত।	বিএসসিসিএল এর ওয়েবসাইট হালনাগাদ করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ব্যবস্থাপক (ওএন্ডএম, আইআইজি) কর্তৃক বিভিন্ন শাখা হতে হালনাগাদ তথ্য নিয়ে ইতোমধ্যে বিএসসিসিএল এর ওয়েবসাইট হালনাগাদকরণ করা হয়েছে। বিষয়টি অব্যাহত রাখতে হবে।	ব্যবস্থাপক (ওএন্ডএম, আইআইজি)
৩। দুর্নীতি বিরোধী ব্যানার ছাপানো সংক্রান্ত।	সভায় দুর্নীতি বিরোধী স্লোগানযুক্ত ব্যানার ছাপানোর অগ্রগতি সম্পর্কে জানতে যাওয়া হয়।	দুর্নীতি বিরোধী স্লোগানযুক্ত ব্যানার ছাপিয়ে প্রধান কার্যালয়ের ৭ম ও ৮ম তলায় ইতোমধ্যে লাগানো হয়েছে এবং বিএসসিসিএল এর আওতাধীন ল্যান্ডিং স্টেশন গুলোতেও একই রকম পদক্ষেপ গ্রহন করতে হবে।	মানবসম্পদ ও প্রশাসন অনুবিভাগ
৪। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এর ৪র্থ কোয়ার্টার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সন্তোষ প্রকাশ করেন।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ সংক্রান্ত।	সভায় ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, গত ০৮/০৭/২০১৯ খ্রি: তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে অনুষ্ঠিত শুদ্ধাচার বিষয়ক ফিডব্যাক সভায় বিএসসিসিএল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ছকে অন্তর্ভুক্ত অনুচ্ছেদ ৩.১, অনুচ্ছেদ ৭ এর ৭.১ ও ৭.২ এবং অনুচ্ছেদ ৯ এর ৯.২ ও ৯.৩ কার্যক্রম পরিবর্তন/সংশোধন করে এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন প্রণয়ন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।	ক) ছকের ৩.১ সিদ্ধান্ত পরিবর্তন করে বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ২০১৯-২০ অর্থ বছরে সরকারী রাজস্ব খাতের অর্থে বাস্তবায়নের জন্য কোন ক্রয় পরিকল্পনা না থাকায় ছকের অনুচ্ছেদ ৭ এর ৭.১ ও ৭.২ সিদ্ধান্ত বিএসসিসিএল এর ক্ষেত্রে প্রযোজ্য নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি, ব্যবস্থাপক (গ্রাহক সেবা) এবং মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)।

Head Office : *Rahamans Regnum Centre (7th Floor), 191,Tejgaon-Gulshan Link Road, Dhaka-1208*, Bangladesh.
Phone : 880-2-8879195, Fax : 880-2-8879193, www.bsccl.com.bd

আলোচ্য বিষয়	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		গ) ছকের অনুচ্ছেদ ৯.২ ও অনুচ্ছেদ ৯.৩ এর সিদ্ধান্ত পরিবর্তন করে গ্রাহক সেবা সপ্তাহ আয়োজন এবং কেপিআই নিরাপত্তা ও অগ্নি নির্বাপন নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা বিষয়ক ২টি নতুন কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	

পরিশেষে সভাপতি এ কমিটিকে নিয়মিত সভা করার জন্য নির্দেশনা প্রদান ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/৭/১৯

(মোহাম্মদ শাহাদত হোসেন)
ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা), বিএসসিসিএল
ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

(নাজিয়া হাসান)
ব্যবস্থাপক (উন্নয়ন), বিএসসিসিএল
ও সদস্য, নৈতিকতা কমিটি।

9-7-19

(মো: আব্দুস সালাম খাঁন)
কোম্পানী সচিব, বিএসসিসিএল
ও সদস্য, নৈতিকতা কমিটি।

০৯/৭/১৯

(মির্জা কামাল আহম্মদ)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), বিএসসিসিএল
ও সদস্য, নৈতিকতা কমিটি।

৯/৭/২০১৯

(মশিউর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল
ও সভাপতি, নৈতিকতা কমিটি।

Head Office : ***Rahamans Regnum Centre (7th Floor), 191,Tejgaon-Gulshan Link Road, Dhaka-1208***, Bangladesh.
Phone : 880-2-8879195, Fax : 880-2-8879193, www.bsccl.com.bd